# পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৩

## বাংলা

## (প্রথম ভাষা)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

**(নূতন পাঠক্রমের জন্য)**

Who registered their names on or after June, 2018

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

# ২০২৩

# বাংলা

১। নিম্নলিখিত প্রশ্নগুলির বিকল্প উত্তরগুলি থেকে সঠিকটি বেছে নিয়ে লেখো ঃ ১×১৭=১৭

১.১. ‘মাতৃমুক্তিপণ’ কথাটির সঠিক অর্থ কোনটি?

(ক) মাতার মুক্তির জন্য পণ দিতে হবে।

(খ) মাতার মুক্তির জন্য শপথ নিতে হবে।

(গ) মাতার মুক্তির জন্য অর্থ দিতে হবে।

(ঘ) মাতার মুক্তির জন্য প্রার্থনা করতে হবে।

১.২. ‘মধুময় তামরস’ এর অর্থ হলো

(ক) তামারঙের রস

(খ) পদ্মফুল

(গ) একটি ফলের রস

(ঘ) তাম্রপল্লব

১.৩. ‘‘কুমারী শুক্লা বসি একাকিনী’— কবিতায় শুক্লা বসে কী করছিল?

(ক) গল্পের বই পড়ছিল

(খ) উপন্যাস পড়ছিল

(গ) গান করছিল

(ঘ) কাব্যকাহিনী পড়ছিল

১.৪. ‘‘আমারে পুড়িয়ে পিটানো ছাড়াকি নাইকো কর্ম আর?’’ — ‘আমারে’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(ক) লোহাকে

(খ) কবিকে

(গ) কামারকে

(ঘ) হাতুড়িকে

১.৫. ‘‘এঁদো ডোবা হতে বহিছে কঠোর’’—

(ক) পচা পাতার ঘ্রাণ

(খ) শীতের বায়ু

(গ) সুগন্ধি বাতাস

(ঘ) মশকের গান

১.৬. সীতারামের পাঠশালার নাম কী?

(ক) সন্দিপন পাঠশালা

(খ) সঞ্জীবন পাঠশালা

(গ) সীতারাম পাঠশালা

(ঘ) রাণীমার পাঠশালা

১.৭. গফুর একজন —

(ক) চাষি

(খ) ব্যবসায়ী

(গ) খাজাঞ্চি

(ঘ) ডাকাত

১.৮. নিরুপমার বিয়েতে বরপক্ষ পণ চেয়েছিল —

(ক) দশ হাজার টাকা

(খ) পাঁচ হাজার টাকা

(গ) গাড়ি বাড়ি

(ঘ) চব্বিশ হাজার টাকা

১.৯. ‘‘বৃদ্ধার বাংলা, সংস্কৃত এবং ইংরেজিতে কিঞ্চিত দখল ছিল।’’— বৃদ্ধা সেকালের কোন স্কুলে পড়েছিলেন?

(ক) লরেটো

(খ) গোখেল

(গ) বেথুন

(ঘ) কমলা গার্লস

১.১০. ‘আত্মচরিত’-এ কার শৈশব জীবনের কথা উল্লেখ আছে?

(ক) বিদ্যাসাগরের

(খ) ঠাকুরদাসের

(গ) রামজয় তর্কভূষণের

(ঘ) কালীকান্তের

১.১১. এসব কী করছ শুনি — এটি কোন বাচ্যের উদাহরণ?

(ক) কর্মবাচ্য

(খ) কর্মকর্তৃবাচ্য

(গ) কর্তৃবাচ্য

(ঘ) ভাববাচ্য

১.১২. ‘‘কঠোর সাধনায় সাফল্য আসে’’— বাক্যটি কোন ধরনের বাক্য?

(ক) নির্দেশক

(খ) অনুজ্ঞা

(গ) প্রশ্নবোধক

(ঘ) জটিল

১.১৩. ‘অর্থবান’ এটি কোন শব্দটির অর্থ?

(ক) ধ্বনি

(খ) ধনি

(গ) ধ্বনী

(ঘ) ধনী

১.১৪. ‘চলা’ শব্দটি ‘বিশেষণ’-এ রূপান্তর করতে কোন শব্দটি ঠিক?

(ক) চলন্তিক

(খ) চলাচল

(গ) চলন্ত

(ঘ) চলিছে

১.১৫. কারক হল—

(ক) ক্রিয়ার সঙ্গে বিভক্তির সম্পর্ক

(খ) ক্রিয়ার সঙ্গে বিশেষ্য ও সর্বনাম পদের সম্পর্ক

(গ) ক্রিয়ার সঙ্গে অনুসর্গের সম্পর্ক

(ঘ) ক্রিয়ার সঙ্গে নির্দেশকের সম্পর্ক

১.১৬. ধ্বনিকে লিখে প্রকাশ করা হয় যার সাহায্যে, তা হল —

(ক) শব্দ

(খ) ভাষা

(গ) বর্ণ

(ঘ) পদ

১.১৭. ‘কৃষ্ণ’ শব্দটি কোন ধরনের শব্দ?

(ক) তৎসম

(খ) অর্ধতৎসম

(গ) তদ্ভব

(ঘ) আগন্তুক

২। কমবেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

২.১। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) 'মধুকর ডিঙা'-বলতে কী বোঝানো হয়েছে?

(খ) 'দুই তুরঙ্গ তাহাদের রথে, উদ্ধত উদ্দাম/ শোনো তার শিঞ্জিনী'— এই 'শিঞ্জিনী' শব্দটির অর্থ কী?

(গ) ''নামাজের ঘরে মোমবাতি মানে, দরগায় মানে দান'' — কে কার জন্য এগুলি করছে?

(ঘ) '' তোমাদের এই ধাপ্পা বাবু চলতে নাকো আর''— এখানে 'ধাপ্পা' বলতে কী বোঝানো হয়েছে?

(ঙ) 'নরকুলে'— ধন্য কারা?

২.২। কমবেশি ২০টি শব্দে *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) ''যেই দিন প্রথম ডাক্তার দেখিল এবং সেইদিন ডাক্তারের দেখা শেষ হইল''— কোন দিন, কাকে, ডাক্তার দেখেছিল?

(খ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধাটি কীভাবে পড়িয়া গিয়াছিল?

(গ) ''ইস্! সাধ করে আবার নাম রাখা হয়েছে মহেশ।''— এখানে কে কথাটি বলেছে? কার নাম রাখার কথা বলা হয়েছে?

(ঘ) ''বটতলায় পৌঁছে দেখলেন একটা জলসত্র''—'জলসত্র' কী?

(ঙ) পুর্তি ছেলে বৌ মেয়েকে চাইবাসা থেকে কোথায় নিয়ে এল?

২.৩। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) চারুবালা কে? তিনি কী প্রার্থনা করেছিলেন?

(খ) ''এই সকল ক্ষতের চিহ্ন মৃত্যুকাল পর্যন্ত তাঁহার শরীরে স্পষ্ট প্রতীয়মান হইত''—এখানে কার, কোন ক্ষতচিহ্নের কথা বলা হয়েছে?

(গ) প্রহ্লাদ কে? তিনি কেনো বিপন্ন হয়েছিলেন?

(ঘ) 'মহাত্মা'র প্রেম সিঞ্চনেও এই বহুকালের খর্বাকৃতি হিন্দু মুসলমান মিলনতরু কেন ফুলে ফলে সুশোভিত হয়ে উঠল না''—'মহাত্মা' কে?

২.৪। *যে কোনো আটটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) সাধু ও চলিত গদ্যের একটি করে উদাহরণ দাও।

(খ) কর্মকর্তৃবাচ্য কাকে বলে?

(গ) উপসর্গ ও অনুসর্গের মধ্যে দুটি করে পার্থক্য দেখাও।

(ঘ) দুটি তৎসম ও দুটি তদ্ভব শব্দের উদাহরণ দাও।

(ঙ) <u>সিংহদুয়ারে</u> বাজিল বিষাণ— রেখাঙ্কিত শব্দটির কারক বিভক্তি নির্দেশ করো।

(চ) এককথায় প্রকাশ করো— যে আগে জন্মেছে।

(ছ) অর্থ পার্থক্য লেখো—দিন/দীন

(জ) উপভাষা কাকে বলে?

(ঝ) একটি নস্ত্যর্থক বাক্যের উদাহরণ দাও।

(ঞ) তুমি কখন আসবে? ভাববাক্যে রূপান্তর করো।

৩। প্রসঙ্গ নির্দেশসহ কমবেশি ৬০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ''ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়''— 'সে' কে? তার নাচকে ছিন্ন খঞ্জনার সঙ্গে কেন তুলনা করা হয়েছে?

(খ) ''মধুহীন করো নাগো তব মনঃ কোকোনদে।''— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৩.২। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ''পুরানো চাকর যোগীন আসিয়া রিপোর্ট দিল''— যোগীন কাকে কী রিপোর্ট দিয়েছিল?

(খ) ''কেবল বাপের বাড়ি যাইবার ছল''— কে, কাকে, কী প্রসঙ্গে একথা বলেছিল?

৪। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ''সেদিন শুভ্র পাষাণ ফলকে পড়িল রক্তলিখা''—'সেদিন' বলতে কোন দিনের কথা বলা হয়েছে? কোন 'পাষাণ ফলকে' কেন 'রক্তলিখা' পড়েছিল লেখো।

(খ) পল্লীজননী কবিতায় বাংলার অন্ধকারময় রাত্রির প্রাকৃতিক পরিবেশের বর্ণনা দাও।

৫। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ''সেই থেকে এই মাঠটার নাম হলো কচু-চুষির মাঠ''— কে, কাকে একথা বলেছিল? কীভাবে এই মাঠের নাম হলো 'কচু-চুষির মাঠ'?

(খ) ''সেই বাবলাতলায় আসিয়া সে থমকিয়া দাঁড়াইয়া সহসা হু হু করিয়া কাঁদিয়া উঠিল''— 'সে' কে? তার কান্নার কারণ কী? গ্রাম ছেড়ে যাওয়ার সময় সে কী বলেছিল?

৬। কমবেশি ১২৫টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) শূদ্র পাড়ায় গোলোযোগের কারণ কী? 'রথযাত্রা' নাটক অনুসরণে বুঝিয়ে দাও।

(খ) ''তোমরা কিছু কোরো না''— বক্তা কে? তোমরা এখানে কারা? উদ্দিষ্ট ব্যক্তিরা কী করতে চেয়েছিল? ১+১+২=৪

৭। কমবেশি ১৫০টি শব্দে *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ধর্মের ভিত্তিতে মানুষের প্রকৃত পরিচয় হতে পারে না। যে যে ক্ষেত্রে মানুষের সত্যিকারের পরিচয় পাওয়া যায়—'মিলনের কথা' প্রবন্ধ অনুসারে তোমার নিজের ভাষায় লেখো।

(খ) 'আত্মচরিত' প্রবন্ধে বিদ্যাসাগর শৈশবে কোন কোন ব্যক্তির দ্বারা কীভাবে প্রভাবিত হয়েছিলেন, তা নিজের ভাষায় লেখো।

(গ) ‘‘সংকটে পড়লে অধিকাংশ লোকের দৈবের উপর নির্ভর বাড়ে।’’— প্রার্থনা প্রবন্ধ অনুসরণে কীভাবে, কারা দৈবের উপর নির্ভর করে, তা বর্ণনা করো।

৮। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

৮.১। কারক কাকে বলে? নিম্নরেখাঙ্কিত শব্দগুলির কারক বিভক্তি নির্ণয় করো ঃ

(ক) শ্যামা বিড়ালকে দুধ খাওয়াচ্ছে।

(খ) শীতে দিন অপেক্ষা রাত ঠান্ডা।

(গ) কলকাতায় চিড়িয়াখানা আছে।

(ঘ) অমর ভালো ফুটবল খেলে।

৮.২। প্রবাদ প্রবচনগুলি বাক্যে প্রয়োগ করো (*যে কোনো পাঁচটি*) ঃ ১×৫=৫

আষাঢ়ে গল্প, উত্তম-মধ্যম, গোড়ায় গলদ, খয়ের খাঁ, চাঁদের হাট, ডুমুরের ফুল।

৮.৩। এককথায় প্রকাশ করো (*যে কোনো পাঁচটি*) ঃ ১×৫=৫

যে বিদেশে থাকে, যে মায়া জানে না, চোখের কোণ, পানের অযোগ্য, যা ফুরায় না, ঋষির দ্বারা উক্ত।

৯। চলিত গদ্যে বঙ্গানুবাদ করো ঃ ৪

Student life is the stage of preparation for future. This is the most important period of life. A student is young today. But he will be a man tomorrow. He has different duties. He should perform them well. As a student, his first duty is to read his lessons.

১০। কমবেশি ১৫০ শব্দের মধ্যে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

১০.১। স্টেটব্যাঙ্কে সেভিংস অ্যাকাউন্ট খুলতে চেয়ে একটি আবেদনপত্র লেখো।

১০.২। তোমার গ্রামে একটি স্বাস্থ্যকেন্দ্র গড়ে দেওয়ার অনুরোধ জানিয়ে, জেলা আধিকারিককে একটি চিঠি লেখো। ৫

১০.৩। ভাবসম্প্রসারণ করো ঃ ৫

তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ।

১১। কমবেশি ৪০০টি শব্দে *যে কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

(ক) বিজ্ঞান ও কুসংস্কার

(খ) তোমার প্রিয় একজন আদর্শ মহাপুরুষ

(গ) ভ্রমণ শিক্ষার অঙ্গ

(ঘ) পরিবেশ দূষণ ও তার প্রতিকার